''ছেলে হোক মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট''

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
fpo.sadar.sunamganj.gov.bd

স্মারক নং-৫৯.১১.৯০৮৯.০০০.০৬.০০১.২৩-৩৭৯

তারিখ : ০৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

## সুনামগঞ্জ সদর উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের অক্টোবর/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ এর সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ১০/১০/২০২৩ খ্রি., সময় : সকাল ১০.০০ ঘটিকা।

### সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের স্বাক্ষর হাজিরা খাতায় সংরক্ষিত।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত ছিলেন সহকারি পরিচালক (পরিবার পরিকল্পনা), সহকারি পরিচালক (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সুনামগঞ্জ, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সুনামগঞ্জ, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ এবং জেলা পরিবার পরিকল্পনা ফ্যাসিলিটেটর সুনামগঞ্জ। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকল পরিবার পরিকল্পনা পরিদর্শক, পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ বিগত সেপ্টেম্বর/২০২৩ মাসের অর্জিত পরিবার পরিকল্পনা বিভাগের অগ্রগতি তুলে ধরেন এবং ধারাবাহিক ভাবে মাসিক প্রতিবেদন এর উপর আলোচনা শুরু করেন। তাছাড়া সহকারি পরিচালক (পরিবার পরিকল্পনা), সহকারি পরিচালক (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সুনামগঞ্জ বিভিন্ন দিক নির্দেশনা পদ্রান করেন এবং এর বাস্তবায়নের উপর গুরুত্ব প্রদান করেন। সভাপতি মহোদয় সেপ্টেম্বর/২০২৩ মাসের ইউনিয়ন ওয়ারী বিভিন্ন পদ্ধতির নতুন গ্রহীতা ও সিএআর অগ্রগতির নিম্নবর্ণিত চিত্র তুলে ধরেন এবংএর উপর বিশদ আলোচনা করা হয়।

| # | ইউনিয়নের নাম | মোট সক্ষম দম্পতির সংখ্যা | খাবার বড়ি (নতুন) | কনডম (নতুন) | ইনজেকটেবল (নতুন) | আইইউডি (নতুন) | ইমপ্লানন (নতুন) | স্থায়ী পদ্ধতি (নতুন) | | সর্বমোট গ্রহনকারী (নতুন+পুরাতন) | সিএআর % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | পুরুষ | মহিলা | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ০১ | পৌরসভা | ৬২৫২ | ০৮ | ০৪ | ২৬৭ | ০৩ | ০৩ | ০০ | ০১ | ৪৮১৬ | ৭৭.০৩ |
| ০২ | কুরবাননগর | ৩৫৬৪ | ১৩ | ০২ | ৭৪ | ০০ | ০৩ | ০০ | ০১ | ২৩৮৭ | ৬৬.৯৮ |
| ০৩ | লক্ষণশ্রী | ২৬৭৭ | ০৮ | ০২ | ১২৪ | ০১ | ০০ | ০০ | ০০ | ২০৮৪ | ৭৭.৮৫ |
| ০৪ | মোল্লাপাড়া | ৩৬৫৮ | ১২ | ০২ | ১৬০ | ০২ | ০৫ | ০০ | ০০ | ২৭৮৬ | ৭৬.১৬ |
| ০৫ | গৌরারং | ৭৫১৪ | ৫৯ | ০৬ | ২২৯ | ০১ | ০৭ | ০০ | ০৩ | ৫৪০০ | ৭১.৮৭ |
| ০৬ | মোহনপর | ৫৯৭২ | ২২ | ১৫ | ১৪৯ | ০০ | ০৬ | ০০ | ০১ | ৪৫৪৪ | ৭৬.০৯ |
| ০৭ | রঙ্গারচর | ৩৫৪৬ | ১০ | ০২ | ১০৪ | ০০ | ০০ | ০০ | ০০ | ২৬৫২ | ৭৪.৭৯ |
| ০৮ | জাহাঙ্গীরনগর | ৪৮৭৫ | ২৫ | ০৪ | ৬৩ | ০০ | ০০ | ০০ | ০০ | ৩২০৪ | ৬৫.৭২ |
| ০৯ | সুরমা | ৬০৫৪ | ১৮ | ০৬ | ৪৭ | ০০ | ০৪ | ০০ | ০০ | ৪৩৪৫ | ৭১.৭৭ |
| উপজেলার মোট = | | ৪৪১১২ | ১৭৫ | ৪৩ | ১২১৭ | ০৭ | ২৮ | ০০ | ০৬ | ৩২২১৮ | ৭৩.০৪ |

### আলোচ্য বিষয়সমূহ

| # | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকার মধ্যে প্রত্যেক পদধারীগণ নিজ নিজ কর্মস্থলে উপস্থিত নিশ্চিত করবেন এবং নির্ধারিত সময়সূচী অনুযায়ী কর্মস্থল ত্যাগ করবেন। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোন পদধারী কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। এর ব্যত্তয় ঘটলে প্রয়োজনে নিয়মিত উপস্থিতি আইন-২০১৯ প্রয়োগ করা হবে। ছুটির রেজিস্টার সংরক্ষণ এবং প্রতি মাসে ২৫ তারিখের মধ্যে ওয়ার্কিং স্ট্যাটমেন্ট অত্র অফিসে প্রেরণ নিশ্চিত করবেন। | নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে অবস্থান, নৈমিত্তিক ছুটি এবং বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত। | মাঠ পর্যায়ে সকল পদধারীগণ। |
| ০২ | ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটি ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যববস্থাপনা কমিটির রেজুলেশন প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করা। তাছাড়া প্রত্যেক পদধারীর অগ্রিম ভ্রমন কর্মসূচী নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত আবশ্যক। | নির্ধারিত সকল কমিটির সভা, রেজুলেশন এবং অগ্রিম ভ্রমণ কর্মসূচী যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত। | মাঠ পর্যায়ে সকল কর্মচারীগণ। |
| ০৩ | উর্দ্ধতন দপ্তর হতে চাহিত তথ্যাদি দ্রুততম সময়ের মধ্যে নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। সময়মত রিপোর্ট/তথ্যাদি প্রেরণ না করলে উর্দ্ধতন অফিসে প্রেরণ করা সম্ভব হয় না। ফলে বিভাগীয় কাজে বিঘ্নতা সৃষ্টি হয়। সে আলোকে মাঠ পর্যায় হতে যাচিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | যাচিত তথ্যাদি দ্রুত ও নির্ভুলভাবে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত। | মাঠ পর্যায়ে সকল পদধারীগণ। |
| ০৪ | স্বাস্থ্যবিধি মেনে পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম চলমান রাখতে হবে। যে সমস্ত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ ডেলিভারী ব্যবস্থা চলমান রয়েছে সেখানে সার্বক্ষনিক নিরাপদ ডেলিভারীর স্বার্থে স্থাপনাতে অবস্থানপূর্বক সেবা প্রদান কার্যক্রম আন্তরিকভাবে চালিযে যেতে হবে। | সংশ্লিষ্ট সেবাদানকারীকে সার্বক্ষনিক অবস্থান পূর্বক মা ও শিশু স্বাস্থ্যসেব নিশ্চিতকল্পে কাজ করতে হবে। | স্যাকমো ও এফডব্লিউভি। |

চলমান পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ০৫ | স্বল্পমেয়াদি পদ্ধতি ইনজেকটেবলস ডিপো প্রভেরার মেয়াদ আগামী ৩১ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ শেষ হবে। সে আলোকে ১৪-১৯ অক্টোবর ২০২৩ স্বল্পমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি বিশেষ ক্যাম্প অনুষ্ঠিত হবে। প্রত্যেক পদধারীর সক্ষম দম্পতি অনুযায়ী ১৯% ইনজেকটেবলস থাকা আব্যশক। কোন এসডিপি এর কাছে ইনজেকটেবলস ডিপো প্রভেরা কম বেশী হলে তা এসডিপি এর মধ্যে সমন্বয় করা প্রয়োজন। কোন অবস্থাতে ইনজেকটেবলস ডিপো প্রভেরার মেয়াদ যেন উত্তীর্ণ না হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে গ্রহীতাকে এই পদ্ধতির আওতায় নিয়ে আসতে হবে। | ৩১ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখের মধ্যে ইনজেকটেবলস ডিপো প্রভেরা সকল গ্রহীতাকে পদ্ধতির আওতায় নিয়ে আসা এবং ১৪-১৯ অক্টোবর ২০২৩ স্বল্পমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি বিশেষ ক্যাম্প সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত। | মাঠ পর্যায়ে সকল পদধারীগণ। |
| ০৬ | প্রত্যেক পরিবার পরিকল্পনা পরিদর্শকগন মাসিক প্রতিবেদনের সাথে উপাত্ত যাচাই প্রতিবেদন দাখিল করবেন। প্রতিনিয়ত মাঠ পরিদর্শণের সচিত্র প্রতিবেদন ফেসবুকে/নির্ধারিত গ্রুপে আপলোড করাসহ গর্ভবতীর তালিকা, নিয়মিত উঠান বৈঠক, ইনজেকটেবলস ক্যাম্পে সার্বিক সহযোগিতা প্রদান আবশ্যক। | উল্লেখিত সকল ধরণের প্রতিবেদন যথাসময়ে প্রেরণ ও সংরক্ষণ করার সিদ্ধান্ত। | মাঠ পর্যায়ে সকল কর্মচারীগণ। |

অত: পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকল অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
সুনামগঞ্জ সদর,সুনামগঞ্জ।
ufposadarsg@gmail.com

স্মারক নং-৫৯.১১.৯০৮৯.০০০.০৬.০০১.২৩-৩৭৯/১(২৫)

তারিখ : ০৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/কার্যর্থে প্রেরিত হলো :

০১। পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট ভিাগ, সিলেট।
০২। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর,সুনামগঞ্জ।
০৩। উপ-পরিচালক,পরিবার পরিকল্পনা,সুনামগঞ্জ।
০৪। সহকারী পরিচালক (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সুনামগঞ্জ।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর,সুনামগঞ্জ।
০৬। মেডিকেল অফিসার (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সুনামগঞ্জ।
০৭। মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৮। মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৯। সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। জেলা পরিবার পরিকল্পনা ফ্যাসিলিটেটর, সুনামগঞ্জ।
১১। ম্যানেজার, পাথ ফাইন্ডার ইন্টারন্যাশনাল/কেয়ার বাংলাদেশ/সূর্যের হাসি/মামনি, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। SACMO/ FWV/ FPI/FWA (সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১৩। দপ্তর নথি।

(বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
সুনামগঞ্জ সদর,সুনামগঞ্জ।